



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৫
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর রূপকল্প, অভিলক্ষ্য, উদ্দেশ্য ও মূল্যবোধ অনুযায়ী কাউন্সিলের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। অ্যাক্রেডিটেশন কার্যক্রম শুরুর লক্ষ্যে “অ্যাক্রেডিটেশন সংক্রান্ত সাধারণ নীতিমালা” এবং “স্বার্থ-সংশ্লিষ্ট দ্বন্দ্ব ও গোপনীয়তা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা” প্রণয়ন করা হয়েছে। কাউন্সিল কর্তৃক প্রণীত খসড়া অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২০ অনুযায়ী অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২২ এর গেজেট প্রকাশিত হয়েছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২; কাউন্সিলের তহবিল হইতে ব্যয় নির্বাহ ও আনুষঙ্গিক বিষয়াদি সংক্রান্ত বিধি, ২০২০ এর খসড়া; কাউন্সিলের আর্থিক নীতিমালা ও হিসাব ম্যানুয়াল সংক্রান্ত প্রবিধান, ২০২০ এর খসড়া; অ্যাক্রেডিটেশনের মানদণ্ড (Standard) ও নির্ণায়ক (Criteria) নির্ধারণ করা হয়েছে। অ্যাকাডেমিক প্রোগ্রাম অ্যাক্রেডিটেশনের জন্য বহিঃস্থ গুণগত মান নিরূপণ নির্দেশিকা; অ্যাক্রেডিটেশনের আবেদনপত্রের ছক প্রণয়ন করা হয়েছে। বিএসি’র জন্য ৫৫টি পদ সৃষ্টি করা হয়েছে। কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ গেজেট আকারে জারি করা হয়েছে। অ্যাক্রেডিটেশন কার্যক্রমের উন্নয়ন ও বিস্তারের লক্ষ্যে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে বিএসি "Asia Pacific Quality Network (APQN)" এর ইন্টারমিডিয়েট সদস্য পদ গ্রহণ করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

উচ্চ শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণ ও অ্যাক্রেডিটেশনের জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রস্তুতকরণের ক্ষেত্রে কিছু সমস্যা ও চ্যালেঞ্জ রয়েছে। যেমন:- স্বল্প সময়ের মধ্যে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে Institutional Quality Assurance Cell (IQAC) প্রতিষ্ঠা এবং সক্রিয়করণ। গতানুগতিক শিক্ষা পদ্ধতি পরিহার করে Bangladesh National Qualifications Framework (BNQF) পরিগ্রহণে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধকরণ। শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পর্যাপ্ত অর্থের সংস্থান না থাকা এবং প্রয়োজনীয় ভৌত অবকাঠামোর অভাব। IQAC এর পরিচালক ও অতিরিক্ত পরিচালক পর্যায়ে নিয়োগের ক্ষেত্রে পেশাগত সক্ষমতাকে গুরুত্বারোপ ও উদ্বুদ্ধকরণ। স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রমের ফলাফল-ভিত্তিক কারিকুলাম প্রণয়ন, ছাত্র-কেন্দ্রিক পাঠদান এবং শিখন ফলের মূল্যায়নে শিক্ষকদের পেশাগত দক্ষতার অভাব। অ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার দায়িত্ব পালনের জন্য প্রশিক্ষিত রিসোর্স পারসনের অপ্রতুলতা। শিক্ষকদের পেশাগত উন্নয়নের অপ্রতুল সুযোগ। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের অতিরিক্ত কোর্স এবং বিবিধ কাজের চাপ। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণার অপ্রতুল সুযোগ। বিশ্ববিদ্যালয়-শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে সহযোগিতামূলক সম্পর্ক প্রতিষ্ঠা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

যে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে IQAC প্রতিষ্ঠা করা হয়েছে সে সকল IQAC সক্রিয়করণের নিমিত্ত বিনিয়াদি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা। যে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে IQAC নেই সে সকল প্রতিষ্ঠানে IQAC প্রতিষ্ঠায় উৎসাহিত করা। BNQF বাস্তবায়নের লক্ষ্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসক ও শিক্ষকবৃন্দকে সম্পৃক্ত করা। উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশনের গুরুত্ব প্রতিষ্ঠা। আগ্রহী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রমসমূহ অ্যাক্রেডিটেশনের জন্য প্রস্তুতকরণ ও অ্যাক্রেডিটেশন কার্যক্রম শুরু করা। আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স নেটওয়ার্ক ও অ্যাক্রেডিটেশন এজেন্সির সাথে সম্পর্ক স্থাপন করা। কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন কার্যক্রম উদ্বোধন;
- IQAC স্থাপনে উদ্বুদ্ধকরণ এবং এর সক্ষমতা বৃদ্ধির জন্য পেশাগত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন;
- BNQF বাস্তবায়নের লক্ষ্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসক ও শিক্ষকবৃন্দের অংশগ্রহণে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন;
- কাউন্সিল কর্তৃক প্রণীত গবেষণা নীতিমালা, ২০২২ অনুযায়ী গবেষণা কার্যক্রম পরিচালনা;
- অ্যাক্রেডিটেশনের জন্য অ্যাকাডেমিক বিষয় কেন্দ্রিক চাহিদা নির্ধারণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশনের মাধ্যমে একাডেমিক উৎকর্ষ অর্জনের লক্ষ্যে একটি বিশ্বাসযোগ্য ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংস্থা হিসেবে পরিণত হওয়া।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

১. আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স সংক্রান্ত রীতি অনুযায়ী শুদ্ধাচার, স্বচ্ছতা, জবাবদিহিতা ও বিশ্বাসযোগ্যতার সাথে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উত্তমচর্চা নিশ্চিত করিয়া বাংলাদেশের উচ্চ শিক্ষার গুণগতমান সম্পর্কে অংশীজনদের আস্থা বৃদ্ধি সাধন।

২. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অ্যাক্রেডিটেশন মানদণ্ড, স্ব-নিরূপণ প্রক্রিয়ার বাস্তবায়ন এবং প্রতিপালন পরিবীক্ষণ এর মাধ্যমে অংশীজনদের আস্থা অর্জন।

৩. দেশের টেকসই আর্থসামাজিক উন্নয়নে বৃহত্তর অবদান রাখার নিমিত্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন মানদণ্ড বাস্তবায়নে সক্ষমতা অর্জনে সহযোগিতা প্রদান।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও একাডেমিক প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন।

২. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও একাডেমিক প্রোগ্রাম পর্যায়ে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের মাধ্যমে উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণ।

৩. উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা।

৪. আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স এজেন্সিসমূহের সাথে সম্পর্ক স্থাপন।

৫. কাউন্সিলের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থা শক্তিশালীকরণ।

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে কনফিডেন্স সার্টিফিকেট বা, ক্ষেত্রমত, অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদান, স্থগিত বা বাতিলকরণ;

২. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং উক্ত প্রতিষ্ঠানের উচ্চ শিক্ষা কার্যক্রম অ্যাক্রেডিটকরণ;

৩. কোন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আবেদনের প্রেক্ষিতে প্রত্যেক ডিসিপ্লিনের জন্য পৃথক পৃথক অ্যাক্রেডিটেশন কমিটি গঠন;

৪. কাউন্সিল কর্তৃক প্রদত্ত অ্যাক্রেডিটেশন ও কনফিডেন্স সার্টিফিকেট প্রদানের শর্তাবলি নির্ধারণ;

৫. যৌক্তিক কারণে কোন প্রতিষ্ঠান বা উহার অধীন কোন ডিগ্রি প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন ও কনফিডেন্স সার্টিফিকেট শুনানীঅন্তে বাতিলকরণ;

৬. অ্যাক্রেডিটেশন বিষয়ে সংশ্লিষ্টদের মধ্যে উৎসাহ সৃজনসহ উক্ত কার্যক্রমের উন্নয়ন, বিস্তার, প্রশিক্ষণের ব্যবস্থা, সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজন এবং অ্যাক্রেডিটেশন সম্পর্কিত তথ্য বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ;

৭. আন্তঃরাষ্ট্রীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সহিত পারস্পরিক আলোচনা ও সহায়তার মাধ্যমে অ্যাক্রেডিটেশনের আন্তর্জাতিক স্বীকৃতির ব্যবস্থা গ্রহণ;

৮. বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন।

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
অ্যাক্রেডিটেশন মানদণ্ড প্রতিপালনে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা অর্জন।	অ্যাক্রেডিটেশন বিষয়ে আয়োজিত কর্মশালা	সংখ্যা	-	৬টি	৪টি	৪টি	৫টি	-	কর্মশালার সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
	অ্যাক্রেডিটেশন বিষয়ক আয়োজিত প্রশিক্ষণ	সংখ্যা	-	৬টি	৮টি	১০টি	১১টি	-	প্রশিক্ষণের সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
	কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ক আয়োজিত আন্তর্জাতিক সেমিনার	সংখ্যা	-	-	১টি	১টি	১টি	-	আন্তর্জাতিক সেমিনারের আমন্ত্রণপত্র, অনুষ্ঠানসূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি।
বিএনকিউএফ বাস্তবায়নে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা অর্জন।	বিএনকিউএফ বিষয়ে আয়োজিত প্রশিক্ষণ	সংখ্যা	-	৮টি	৪টি	৪টি	৪টি	-	প্রশিক্ষণের সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
	আইকিউএসির সক্ষমতা বৃদ্ধির জন্য আয়োজিত পেশাগত প্রশিক্ষণ	সংখ্যা	-	২টি	২টি	২টি	২টি	-	প্রশিক্ষণের সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
উচ্চ শিক্ষার কোয়ালিটি অ্যাসুরেন্সের, বিএনকিউএফ ও অ্যাক্রেডিটেশন বিষয়ে তথ্য ও উপাত্তসহ সমস্যা সনাক্তকরণ এবং সমাধানের পথ অনুসন্ধান।	কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান	তারিখ	-	৩১-০৩-২০২২	৩১-০৩-২০২৩	৩১-০৩-২০২৪	৩১-০৩-২০২৫	-	গবেষণা প্রস্তাব/বিজ্ঞপ্তির কপি
	কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা সম্পাদন	সংখ্যা	-	১টি	৩টি	৫টি	৭টি	-	সম্পাদিত গবেষণার প্রতিবেদন
আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স এজেন্সিসমূহের সাথে সম্পর্ক স্থাপন।	যোগাযোগ স্থাপন এবং মতামত বিনিময়	সংখ্যা	-	২টি	৩টি	৩টি	৪টি	-	ই-মেইলের কপি/পত্রের অনুলিপি
	আন্তর্জাতিক সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ	সংখ্যা	-	১টি	৩টি	৩টি	৩টি	-	কনফারেন্স/ওয়ার্কশপের আমন্ত্রণপত্র এবং সরকারি আদেশের কপি/ অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও একাডেমিক প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন।	২৫	[১.১] উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশন বিষয়ে উদ্ভুদ্ধকরণ কর্মশালা সম্পন্নকরণ	[১.১.১] আয়োজিত কর্মশালা	সমষ্টি	সংখ্যা	৫		৬	৪	৪	৪	৩	৩	৪	৫
		[১.২] অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন মানদণ্ড ও নির্ণায়ক প্রতিপালন শীর্ষক প্রশিক্ষণ	[১.২.১] আয়োজিত প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	৫		৮	৪	৪	৪	৩	৩	৫	৫
		[১.৩] ফলপ্রসূ শিক্ষণ-শিখন ও মূল্যায়ন শীর্ষক প্রশিক্ষণ	[১.৩.১] আয়োজিত প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	৫		৩	৪	৪	৪	৩	৩	৫	৬
		[১.৪] শিখনফল (Outcome) ভিত্তিক কারিকুলাম প্রণয়ন শীর্ষক প্রশিক্ষণ	[১.৪.১] আয়োজিত প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	৫		৩	৪	৪	৪	৩	৩	৪	৪
		[১.৫] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে আন্তর্জাতিক সেমিনার আয়োজন	[১.৫.১] আয়োজিত আন্তর্জাতিক সেমিনার	সমষ্টি	সংখ্যা	৫				১					১



কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[২] উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও একাডেমিক প্রোগ্রাম পর্যায়ে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের মাধ্যমে উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণ।	১৫	[২.১] উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের আইকিউএসি'র সক্ষমতা বৃদ্ধির জন্য বুনিয়েদি প্রশিক্ষণ	[২.১.১] আয়োজিত বুনিয়েদি প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	১২	০	২	২					২	২
		[২.২] বিএনকিউএফ প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ	[২.২.১] আয়োজিত বিএনকিউএফ প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	৩	০	৮	৪	৪	৪	৩	৩	৪	৪
[৩] উচ্চ শিক্ষায় কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা।	১০	[৩.১] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান	[৩.১.১] নির্দিষ্ট ছকে আহ্বায়িত গবেষণা প্রস্তাব	তারিখ	তারিখ	৪	০	৩১.০৩.২২	৩১.০৩.২৩	০	০	০	১	৩১.০৩.২৪	৩১.০৩.২৫
		[৩.২] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা সম্পাদন	[৩.২.১] সম্পাদিত গবেষণা	সমষ্টি	সংখ্যা	৬	০	১	৩	৩	৩	৩	২	৫	৭
[৪] আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স এজেন্সিসমূহের সাথে সম্পর্ক স্থাপন।	১০	[৪.১] আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স নেটওয়ার্ক ও অ্যাক্রেডিটেশন এজেন্সির সাথে মতামত বিনিময়	[৪.১.১] মতামত বিনিময়	সমষ্টি	সংখ্যা	৫	০	২	২	২	২	২	৩	৪	
		[৪.২] আন্তর্জাতিক পর্যায়ে কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশন বিষয়ক কনফারেন্স/ওয়ার্কশপে অংশগ্রহণ	[৪.২.১] আন্তর্জাতিক সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ	সমষ্টি	সংখ্যা	৫	০	১	৩	৩	৩	৩	২	৩	৩

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৫] কাউন্সিলের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থা শক্তিশালীকরণ।	১০	[৫.১] কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও প্রকাশ	[৫.১.১] মুদ্রিত বার্ষিক প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	৪	০	০	৫০০	৪৫০	৪০০	৩৫০	৩০০	৫০০	৬০০
		[৫.২] কাউন্সিলের ২০২৩ এর ডায়েরি মুদ্রণ	[৫.২.১] মুদ্রিত ডায়েরি	সমষ্টি	সংখ্যা	২	০	০	১০০০	৯০০	৮০০	৭০০	৬০০	১১০০	১২০০
		[৫.৩] কাউন্সিলের ২০২৩ এর ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণ	[৫.৩.১] মুদ্রিত ডেস্ক ক্যালেন্ডার	সমষ্টি	সংখ্যা	২	০	০	১০০০	৯০০	৮০০	৭০০	৬০০	১১০০	১২০০
		[৫.৪] ২০২১-২২ অর্থ বছরের হিসাব বিবরণী প্রস্তুতকরণ	[৫.৪.১] প্রণীত বার্ষিক হিসাব বিবরণী	তারিখ	তারিখ	২			৩১.১২.২২	৩১.০৩.২৩	৩০.০৬.২৩			৩০.০৯.২৩	৩০.০৯.২৪

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র</b>															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

\*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হিসাবে সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....  
সচিব  
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

.....  
তারিখ

.....  
সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

.....  
তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	APQN	Asia Pacific Quality Network
২	BNQF	Bangladesh National Qualifications Framework
৩	EQA	External Quality Assessment
৪	HEI	Higher Education Institution
৫	IQAC	Institutional Quality Assurance Cell
৬	OBC	Outcome-Based Curriculum
৭	QA	Quality Assurance
৮	QAA, UK	Quality Assurance Agency, UK
৯	বিএসি	বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
১০	বিমক	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশন বিষয়ে উল্লেখকরণ কর্মশালা সম্পন্নকরণ	[১.১.১] আয়োজিত কর্মশালা	অ্যাক্রেডিটেশন বিভাগ	কর্মশালার সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
[১.২] অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন মানদণ্ড ও নির্ণায়ক প্রতিপালন শীর্ষক প্রশিক্ষণ	[১.২.১] আয়োজিত প্রশিক্ষণ	অ্যাক্রেডিটেশন বিভাগ	প্রশিক্ষণের সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
[১.৩] ফলপ্রসূ শিক্ষণ-শিখন ও মূল্যায়ন শীর্ষক প্রশিক্ষণ	[১.৩.১] আয়োজিত প্রশিক্ষণ	অ্যাক্রেডিটেশন বিভাগ	প্রশিক্ষণ সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
[১.৪] শিখনফল (Outcome) ভিত্তিক কারিকুলাম প্রণয়ন শীর্ষক প্রশিক্ষণ	[১.৪.১] আয়োজিত প্রশিক্ষণ	অ্যাক্রেডিটেশন বিভাগ	প্রশিক্ষণ সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা এবং ছবি
[১.৫] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে আন্তর্জাতিক সেমিনার আয়োজন	[১.৫.১] আয়োজিত আন্তর্জাতিক সেমিনার	অ্যাক্রেডিটেশন বিভাগ, কিউএ অ্যান্ড এনকিউএফ বিভাগ, বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ, কাউন্সিল ও প্রশাসন বিভাগ, অর্থ, পরিকল্পনা ও আইসিটি বিভাগ	আন্তর্জাতিক সেমিনারের আমন্ত্রণপত্র, অনুষ্ঠানসূচি, অংশগ্রহনকারীগণের তালিকা ও ছবি
[২.১] উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের আইকিউএসি'র সক্ষমতা বৃদ্ধির জন্য বুনিয়াদি প্রশিক্ষণ	[২.১.১] আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ	কিউএ অ্যান্ড এনকিউএফ বিভাগ	প্রশিক্ষণ সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা ও ছবি
[২.২] বিএনকিউএফ প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ	[২.২.১] আয়োজিত বিএনকিউএফ প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ	প্রশিক্ষণ সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা ও ছবি	প্রশিক্ষণ সূচি, অংশগ্রহনকারীগণের তালিকা ও ছবি
[৩.১] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান	[৩.১.১] নির্দিষ্ট ছকে আহ্বায়িত গবেষণা প্রস্তাব	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ,	গবেষণা প্রস্তাব/বিজ্ঞপ্তির কপি
[৩.২] কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা সম্পাদন	[৩.২.১] সম্পাদিত গবেষণা	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ,	সম্পাদিত গবেষণার প্রতিবেদনের কপি
[৪.১] আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য কোয়ালিটি অ্যাসুরেন্স নেটওয়ার্ক ও অ্যাক্রেডিটেশন এজেন্সির সাথে মতামত বিনিময়	[৪.১.১] মতামত বিনিময়	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ,	ই-মেইলের কপি
[৪.২] আন্তর্জাতিক পর্যায়ে কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশন বিষয়ক কনফারেন্স/ওয়ার্কশপে অংশগ্রহণ	[৪.২.১] আন্তর্জাতিক সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ,	কনফারেন্স/ওয়ার্কশপের আমন্ত্রণপত্র এবং সরকারি আদেশের কপি
[৫.১] কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও প্রকাশ	[৫.১.১] মুদ্রিত বার্ষিক প্রতিবেদন	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ; কাউন্সিল ও প্রশাসন বিভাগ	বিএসির বার্ষিক প্রতিবেদনের কপি
[৫.২] কাউন্সিলের ২০২৩ এর ডায়েরি মুদ্রণ	[৫.২.১] মুদ্রিত ডায়েরি	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ; কাউন্সিল ও প্রশাসন বিভাগ	ডায়েরির কপি
[৫.৩] কাউন্সিলের ২০২৩ এর ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণ	[৫.৩.১] মুদ্রিত ডেস্ক ক্যালেন্ডার	বহি: সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ; কাউন্সিল ও প্রশাসন বিভাগ	ডেস্ক ক্যালেন্ডারের কপি
[৫.৪] ২০২১-২২ অর্থ বছরের হিসাব বিবরণী প্রস্তুতকরণ	[৫.৪.১] প্রণীত বার্ষিক হিসাব বিবরণী	অর্থ, পরিকল্পনা ও আইসিটি বিভাগ	কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের হিসাব বিবরণীর কপি

সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
-----------	------------------	-----------------------------	--

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**